

সাত কলেজের স্থগিত পরীক্ষার নতুন সূচি প্রকাশ

ইলেক্ট্রনিক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০৮ ডিসেম্বর ২০২৪, ০২:৩৬



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) অধিভুক্ত সরকারি সাত কলেজের স্থগিত অনার্স পরীক্ষার সময়সূচি আবারও পরিবর্তন করা হয়েছে।



দৈনিক ইলেক্ট্রনিক সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বৃহস্পতিবার (৫ ডিসেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) পরীক্ষা নিয়ন্ত্রক মো. বাহালুল হক চৌধুরীর সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, পরীক্ষা নিয়ন্ত্রক অফিসের ৩১ অক্টোবর এবং ২ ডিসেম্বর প্রকাশিত ২০২৩ সালের অনার্স চতুর্থ ও প্রথম বর্ষ পরীক্ষার সময়সূচি ফের পরিবর্তন করা হলো। নতুন সূচি অনুযায়ী, ২০২৩ সালের ম্নাতক চতুর্থ বর্ষের ২টি স্থগিত পরীক্ষা যথাক্রমে ২৬ ও ৩১ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। একইসঙ্গে ২০২৩ সালের অনার্স প্রথম বর্ষের স্থগিত পরীক্ষা আগামী ২৯ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। সব কটি পরীক্ষা দুপুর সাড়ে ১২টায় শুরু হবে। সময়সূচির অন্য অংশ অপরিবর্তিত থাকবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

সম্প্রতি রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও কবি নজরুল সরকারি কলেজে ভাঙচুরের ঘটনা ও পরবর্তী সংঘর্ষের ঘটনায় সাত কলেজের অনার্সের প্রথম ও চতুর্থ বর্ষের দুটি পরীক্ষা স্থগিত করা হয়।